

‘পরিচ্ছন্ন ও সুস্বাস্থ্যের নগরী’

গড়তে চাই সকলের
সহযোগিতা

সকলের সহযোগিতাই
আনতে পারে পরিবর্তন

চাই পরিচ্ছন্ন কিশোরগঞ্জ নগরী

সুপ্রিয় নগরবাসী,
প্রথমেই সকলকে নতুন বছরের শুভেচ্ছা। প্রায় ২ লক্ষাধিক জনসংখ্যার আমাদের প্রিয় এই কিশোরগঞ্জ শহরে বর্তমানে প্রতিদিন ৬০ টন এর অধিক বর্জ্য উৎপন্ন হচ্ছে। একটি বাসযোগ্য নগরী গড়তে এই সকল বর্জ্য পৌরসভার বিভিন্ন স্থান থেকে দিন ও রাতব্যাপী মোট ৬টি গার্বেজ ট্রাকের এবং ২টি ট্রাক্টরের মাধ্যমে ডাম্পিং গ্রাউন্ডে নিয়ে যাওয়া হয়। আমাদের সীমিত সামর্থ্যের মাধ্যমে নিরলস প্রচেষ্টায় শহরকে পরিচ্ছন্ন রাখতে আমরা কাজ করে যাচ্ছি। আপনাদের একটু সহযোগীতায় আমাদের কাজকে আরও সহজতর করতে পারে। আমরা নতুন বছরে আশা করব আপনারা প্রতি এলাকার নির্ধারিত স্থানে গৃহস্থালীর ময়লা আবর্জনা ও হাট-বাজারের আবর্জনা ফেলবেন। আপনাদের একটু সহযোগীতা আমাদের প্রাণপ্রিয় কিশোরগঞ্জকে আরও সুন্দর, পরিচ্ছন্ন ও সুস্বাস্থ্যের নগরী হিসেবে গড়তে সহযোগীতা করবে।



ময়লা থাকবে চোখের আড়াল,
দেখবো সবাই পরিষ্কার সকাল।

নতুন বছরে আমরা আপনাদের কাছে নতুন প্রত্যয় আশা করব

- প্রতিটি বাড়ির সুষ্ট আবর্জনা পৌরসভার নির্ধারিত স্থানে ফেলব।
- নগরীর রাস্তা-ঘাট, ব্যবসা প্রতিষ্ঠান কোথাও যেন কেউ ইচ্ছেমত ময়লা ফেলতে না পারে সেদিকে আমরা সবাই সজাগ থাকব।
- হাট-বাজারের আবর্জনার জন্য নির্ধারিত স্থানে আবর্জনা ফেলব।
- অফিস এবং দোকানপাটের আবর্জনা রাতেই পরিষ্কার করে নির্ধারিত স্থানে রেখে যাব।
- কোন আবর্জনা রাস্তা বা অন্য কোথাও এলোমেলো স্থানে ফেলব না।

সম্মানিত পৌরবাসী,
আসুন সবাই মিলে গড়ে তুলি- সুস্থ পরিবেশ-পরিচ্ছন্ন নগর।



আস্থানে

মোঃ পারভেজ মিয়া
মেয়র

কিশোরগঞ্জ পৌরসভা

